

💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৩৯৬

২/ সালাত (নামায) (১ সালাত (১ সালাত (১ সালাত (১ সালাত (১ সালাত ১ সালাত

পরিচ্ছেদঃ ৩৩২, আল-কুরআনকে পারা ও অংশে ভাগ করে পড়া সম্পর্কে।

باب تَحْزِيبِ الْقُرْآنِ

আরবী

حَدَّثَنَا عَبَّادُ بْنُ مُوسَى، أَخْبَرَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ، عَنْ إِسْرَائِيلَ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ عَلْقَمَةَ، وَالْأَسْوَدِ، قَالاَ أَتَى ابْنَ مَسْعُودِ رَجُلٌ فَقَالَ إِنِّي أَقْرَأُ الْمُفَصَّلَ فِي رَكْعَةٍ . فَقَالَ أَهَذَّا كَهَذِّ الشِّعْرِ وَنَقْرًا كَنَقْرِ الدَّقَلِ لَكِنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم كَانَ يَقْرَأُ النَّظَائِرَ السُّورَتَيْنِ فِي رَكْعَةٍ الرَّحْمَنَ وَالنَّجْمَ فِي رَكْعَةٍ وَاقْتَرَبَتْ وَالْحَاقَّةَ فِي رَكْعَةٍ وَالطُّورَ وَالذَّارِيَاتِ فِي رَكْعَةٍ وَإِذَا وَقَعَتْ وَن فِي رَكْعَةٍ وَسَأَلَ سَائِلٌ وَالنَّازِعَاتِ فِي رَكْعَةٍ وَوَيْلٌ وَالذَّارِيَاتِ فِي رَكْعَةٍ وَالْمُرَّقِرَ وَالْمُرَّمِّلَ فِي رَكْعَةٍ وَهَلْ أَتَى وَلاَ أُقْسِمُ بِيَوْمِ الْقِيَامَةِ لِللْمُطَفِّفِينَ وَعَبَسَ فِي رَكْعَةٍ وَالْمُرْسَلاتِ فِي رَكْعَةٍ وَالدُّخَانَ وَإِذَا الشَّمْسُ كُورَتْ فِي رَكْعَةٍ . وَعَمَّ يَتَسَاءَلُونَ وَالْمُرْسَلاتِ فِي رَكْعَةٍ وَالدُّخَانَ وَإِذَا الشَّمْسُ كُورَتْ فِي رَكْعَةٍ . وَعَمَّ يَتَسَاءَلُونَ وَالْمُرْسَلاتِ فِي رَكْعَةٍ وَالدُّخَانَ وَإِذَا الشَّمْسُ كُورَتْ فِي رَكْعَةٍ . قَالَ أَبُو دَاوُدَ هَذَا تَأْلِيفُ ابْنِ مَسْعُودِ رَحِمَهُ اللَّهُ .

বাংলা

১৩৯৬. আব্বাদ ইবন মূসা (রহঃ) আলকামা ও আসওয়াদ (রহঃ) হতে বর্ণিত। তাঁরা বলেন, একদা ইবন মাসউদ (রাঃ) এর খিদমতে এক ব্যক্তি উপস্থিত হয়ে বলেন, আমি মুফাসসালের (সূরা হুজুরাত হতে নাস পর্যন্ত) সূরাগুলো নামাযের একই রাকাতে তেলাওয়াত করি। ইবন মাসউদ (রাঃ) বলেনঃ এটা (অতি দ্রুত তিলাওয়াত) কবিতা পাঠের অনুরূপ অথবা গাছ থেকে শুকনো খেজুর পতিত হওয়ার অনুরূপ। তিনি আরো বলেনঃ অথচ নবী করীম সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম একই সমান দীর্ঘ দুটি সূরা এক রাকাতে, সূরা ইযা ওকাআত এবং নূন-কে এক রাকাতে, সূরা সাআলা সাইলুন ও আন নাযিআত-কে এক রাকাতে, সূরা ওযাইলুল-লিল মুতাফফিফীন ও আবাসাহ-কে এক রাকাতে, সূরা মুদ্দাছছির ও মুযযামমিলকে এক রাকাতে, সূরা হাল আতা এবং লা-উকসিমু বিইয়াওমিল কিয়ামাহ্-কে এক রাকাতে, সূরা আম্মা ইয়াতাসাআলূনা ও আল-মুরসালাত-কে এক রাকাতে, সূরা দোখান এবং ইযাশ-শামসু কুওবিরাত-কে এক রাকাতে পড়তেন।

ইমাম আবু দাউদ বলেনঃ এই তরতীব (বিন্যাস) ইবন মাসউদ (রাঃ) এর। (মুসলিম)।



English

Narrated Ibn Mas'ud:

Alqamah and al-Aswad said: A man came to Ibn Mas'ud. He said: I recite the mufassal surahs in one rak'ah. You might recite it quickly as one recites verse (poetry) quickly, or as the dried dates fall down (from the tree).

But the Prophet () used to recite two equal surahs in one rak'ah; he would recite (for instance) surahs an-Najm (53) and ar-Rahman (55) in one rak'ah, surahs Iqtarabat (54) and al-Haqqah (69) in one rak'ah, surahs at-Tur (52) and adh-Dhariyat (51) in one rak'ah, surahs al-Waqi'ah (56) and Nun (68) in one rak'ah, surahs al-Ma'arij (70) and an-Nazi'at (79) in one rak'ah, surahs al-Mutaffifin (83) and Abasa (80) in one rak'ah, surahs al-Muddaththir (74) and al-Muzzammil (73) in one rak'ah, surahs al-Insan (76) and al-Qiyamah (75) in one rak'ah, surahs an-Naba' (78) and al-Mursalat (77) in one rak'ah, and surahs ad-Dukhan (44) and at-Takwir (81) in one rak'ah.

Abu Dawud said: This is the arrangement of Ibn Mas'ud himself

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আলকামাহ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন